গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১২- ২৭৮ তারিখঃ ১৮.৫.২০১২

## আদেশ

যেহেতু, ডাঃ রাবেয়া খাতুন (১২০২৯২), সহকারী সার্জন, বিষ্ণুপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বদরগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ২০.০৫.২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় ;

এক্ষণে, যেহেতু, ডাঃ রাবেয়া খাতুন (১২০২৯২), সহকারী সার্জন, বিষ্ণুপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বদরগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

তাঁর ১১.১১.২০১০ তারিখ হতে ১৬.০৮.২০১১ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

২৭/৫/১২

(এ. কে. এম. আমির হোসেন)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১২- ২৭৮/১(১০) তারিখঃ ১৮.৫.২০১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭। সিভিল সার্জন, রংপুর
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর
১০। ডাঃ রাবেয়া খাতুন (১২০২৯২), সহকারী সার্জন, বিষ্ণুপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বদরগঞ্জ, রংপুর

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২১৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং স্বাপকম/শৃংখলা-১/১-৫০/২০০৪/ ১৫

তারিখ: ০৮.০১.১৪২৯ / ১৬.০৫.২০২২

আদেশ

যেহেতু ডাঃ মোঃ আরিফুজ্জামান (১১১১২৮৩), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমারী, বাগেরহাট গত ১১.১১.২০০৩ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারী চাকুরি হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরি হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন,

সেহেতু সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক ডাঃ মোঃ আরিফুজ্জামান (১১১১২৮৩), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমারী, বাগেরহাট-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১১.১১.২০০৩ থেকে সরকারী চাকুরি হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-স্বাপকম/শৃংখলা-১/১-৫০/২০০৪/ ১৬৩/১(১২)

তারিখ: ০৮.০২.১৪২৯ / ১৬.০৫.২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
৪। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৮। সিভিল সার্জন, বাগেরহাট
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চিতলমারী, বাগেরহাট
১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কালিহাতি, বাগেরহাট
১২। ডাঃ মোঃ আরিফুজ্জামান (১১১১২৮৩), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমারী, বাগেরহাট (স্থায়ী ঠিকানাঃ- পিতা-মোড়ল আবুল কাসেম, ২৫নং বকশী পাড়া লেন, খুলনা)

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭২১৫১
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১১-1530 তারিখঃ 21.০৬.২০১২

আদেশ

যেহেতু ডাঃ সুবাস কুমার সাহা (৩৪২৩১), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা (প্রাক্তন সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২০.০৫.২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), খুলনা এর কার্যালয়ে সহকারী পরিচালক হিসেবে কর্মরত থাকা অবস্থায় তিনি নিয়োগ কমিটির একজন সদস্য ছিলেন, মৌখিক পরীক্ষার সময় তার কাছে লিখিত পরীক্ষার নম্বরপত্র উপস্থাপন করা হয়নি তাই মৌখিক পরীক্ষার ভিত্তিতে তিনি যৌক্তিক নম্বর প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ সুবাস কুমার সাহা (৩৪২৩১), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকার বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

20/6/12
(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১১-1530/1(7) তারিখঃ 21.০৬.২০১২

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ</u>

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। ডাঃ সুবাস কুমার সাহা (৩৪২৩১), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা

21.6.12
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১২-৮৬১ তারিখঃ ২১.০৬.২০১২ খ্রিষ্টাব্দ

<u>আদেশ</u>

যেহেতু, ডাঃ এ, বি, এম, শামসুল আলম (৩৫৬১০), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, পটুয়াখালী-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারন-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৩.০৫.২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান তাঁর পিতার শারীরীক অবনতির খবর পেয়ে তিনি আকস্মিকভাবে ০৯.০২.২০১২ তারিখে কর্মস্থল ত্যাগ করেন এবং বাড়ীতে গিয়ে নিজে অসুস্থ হয়ে পড়েন। তিনি সে সময়ে আবেগতাড়িত হয়ে ছুটি না নিয়ে কর্মস্থল ত্যাগ করেছিলেন এবং তিনি তাঁর ভুলের জন্য দুঃখ প্রকাশ করেন;

এক্ষণে, যেহেতু, ডাঃ এ, বি, এম, শামসুল আলম (৩৫৬১০), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, পটুয়াখালীর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক 'তিরস্কার' দণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ১০.০২.২০১২ থেকে ১৯.০২.২০০২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বিনাবেতনে ছুটি হিসেবে গণ্য হবে।

২০।৬।১২
(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১২-৮৬১/১(১১) তারিখঃ ২১.০৬.২০১২ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ</u>

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। পরিচালক, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী
১১। ডাঃ এ, বি, এম, শামসুল আলম (৩৫৬১০), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, পটুয়াখালী

২১.৬.১২
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd